দৈনিক বাংলা

১৫ই আষাঢ় ১৩৮৮

091

# দুই ঘন্টায় হল ছাড়তে তৈরি থাকুন ঃ ছাত্রদের প্রতি ভার্সিটি কর্তৃপক্ষ

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরিস্থিতি অনুযায়ী দু'ঘন্টার নোটিশে বিশ্ববিদ্যালয় এবং হলসমূহ বন্ধ করে দেয়া হতে পারে বলে ছাত্রছাত্রীদের জানিয়ে দিয়েছেন। বহিরাগত ও ছাত্র-অছাত্র নির্বিশেষে কোন অস্ত্রধারী হলে অবস্থান করলে তার পরিণতির জন্যে কর্তৃপক্ষ দায়ী হবেন না বলে এক নোটিশে উল্লেখ করা হয়। এতে আরও বলা হয় ঃ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে দেশের প্রচলিত আইন অনুযায়ী আইন-শৃংখলারক্ষাকারী সংস্থা হল তল্লাশী করতে পারে। গত কয়েক দিন ধরে কয়েকটি হলে অস্ত্রধারী এবং বহিরাগতদের যাতায়াত ও অবস্থান মারাত্মকভাবে বৃদ্ধি পাওয়ার প্রেক্ষিতে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে আতংক বিরাজ করছে। অবিলম্বে এ পরিস্থিতির অবসান না হলে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক

(৫-এর পৃঃ দ্রঃ)

## ভার্সিটি কর্তৃপক্ষ

(১ম পৃঃ পর)

শিক্ষা কার্যক্রম চালানো সম্ভব নয় বলে নোটিশে জানানো হয়েছে।

এদিকে গতকাল দুপুরে ও রাতে ক্যাম্পাসে কয়েক রাউন্ড গুলি এবং বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। দুপুরে আকস্মিকভাবে তিনটি মোটরসাইকেল কলা ভবন এলাকা প্রদক্ষিণকালে বেশ কিছু বোমা বিস্ফোরণ ও গুলির শব্দ হয়। এ সময় আতংকিত ছাত্র ছাত্রীরা ছোটাছুটি শুরু করেন। ঘটনার সঙ্গে সঙ্গেই ভাইস-চ্যান্সেলরের বাসভবনের সামনের সড়ক এবং সূর্যসেন হলের সামনে অবস্থানকারী যুবকদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া চলে। এ পর্যায়েও কয়েক রাউন্ড গুলির শব্দ শোনা যায়। মোটরসাইকেল আরোহী চারজন যুবকের পরনে ছিল প্যান্ট তবে গা ছিল উদোম। তাদের এ আকস্মিক টহলে ক্যাম্পাসে উত্তেজনার সৃষ্টি হয়।

ঘটনার কিছু সময় পর জাতীয়তাবাদী ছাত্রদল একটি মিছিল বের করে। কলাভবন প্রদক্ষিণের সময় মিছিল থেকে সন্ত্রাস সৃষ্টির বিরুদ্ধে শ্লোগান দেয়া হয়।